বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৪০৯ তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৯১ তম কমিশন সভা অদ্য ১২/১২/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:-

০১। কমিশন অদ্যকার সভায়, Southeast Bank PLC এর ৫০০ (পাঁচশত) কোটি টাকা মূল্যের Southeast Bank 1st Perpetual Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার মধ্যে ৪৫০ (চারশত পঞ্চাশ) কোটি টাকা প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে এবং ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পাবলিক অফারের মাধ্যমে ইস্যু করা হবে। উক্ত বন্ডটির Range of Coupon Rate ৬.০০% থেকে ১০.০০%। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Southeast Bank PLC এর Tier-I Capital Base শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে IDLC Investment Ltd. এবং Arranger হিসাবে কাজ করছে IDLC Finance Ltd, City Bank Capital Resources Ltd এবং Southeast Bank Capital Services Ltd । উক্ত বন্ডটির Issue Manager হিসেবে কাজ করছে Southeast Bank Capital Services Ltd এবং UCB Investment ltd এবং Underwriter হিসেবে কাজ করছে Rupali Investment Ltd। এছাড়াও উক্ত বন্ডটি Stock Exchange এ তালিকাভুক্ত হবে।

০২। অদ্যকার কমিশন সভায়, Sinobangla Industries Limited ১০.০০ (দশ) টাকা মূল্যের ১০,০৯৮,২৮৩ টি সাধারণ শেয়ার প্রতিটি ২০.০০ টাকা মূল্যে (শেয়ার প্রতি ১০.০০ টাকা হারে প্রিমিয়ামসহ) রাইটস শেয়ার হিসেবে ইস্যুর মাধ্যমে (১R:২ হারে অর্থাৎ বিদ্যমান দুইটি সাধারণ শেয়ারের বিপরীতে একটি সাধারণ শেয়ার রাইটস হিসেবে) মোট ২০১,৯৬৫,৬৬০.০০ টাকা মূলধন সংগ্রহের জন্য আবেদন করে। সেই প্রেক্ষিতে কমিশন উক্ত আবেদনের অনুমোদন প্রদান করে। Sinobangla Industries Limited এর উৎপাদন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে মূলধনী যন্ত্রপাতি ক্রয় এবং ব্যাংক ঋণ পরিশোধ এর লক্ষ্যে রাইটস শেয়ার ইস্যুর সিদ্ধান্ত গ্রহণ করে। রাইটস শেয়ার ডকুমেন্ট অনুযায়ী সেপ্টেম্বর ৩০, ২০২২ ইং তারিখে সমাপ্ত ১ম ত্রৈমাসিক হিসাব সময়ে কোম্পানীটির শেয়ারপ্রতি নীট সম্পদ মূল্য (NAV) ২৮.১৯ টাকা এবং শেয়ার প্রতি আয় (EPS) ০.৩২ টাকা। ৩০ জুন ২০২২ ইং তারিখে সমাপ্ত অর্থবছরের পুনর্মূল্যায়নসহ নীট সম্পদ মূল্য (NAV) ২৭.৮৭ টাকা এবং পুনর্মূল্যায়ন ব্যাতীত নীট সম্পদ মূল্য (NAV) ২৭.৭৪ টাকা। এছাড়াও জুন ৩০ ২০২২ ইং তারিখে সমাপ্ত অর্থবছরের শেয়ারপ্রতি আয় ১.৮১ টাকা। উল্লেখ্য যে, UCB Investment Limited সংশ্লিষ্ট ক্ষেত্রে ইস্যুব্যবস্থাপকের দায়িত্ব পালন করে।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd